রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৪৬৬ তারিখঃ ৩১/১২/২০২৩খ্রিঃ

**সভা নং-৩৪**

পৌর পরিষদের মাসিক (ডিসেম্বর'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ

সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।

তারিখ: ৩১/১২/২০২৩খ্রিঃ

সময়: বেলা ১১.০০ ঘটিকা।

স্থান: পৌরসভা সভাকক্ষ।

সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৯নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ ফারুকুল ইসলাম বাবলু এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় পৌর নির্বাহী কর্মকর্তা রামগতি পৌরসভাকে আহবান করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | কোন সংশোধনি না থাকায় ২৩/১১/২০২৩ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | উন্নয়ন মূল্যক আলোচনাঃ | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব কামরুল হাসান সভায় জানান যে, পৌরসভায় ADP, LGCCRP, BMWSSP ও IUDIP -প্রকল্পের কাজ চলমান রয়েছে। তিনি উক্ত কাজ সঠিক ভাবে বাস্তবায়নে সবাইকে সর্বাত্মক ভাবে সহযোগিতা করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ADP-খাতের বরাদ্দ দ্বারা ৮নং ওয়ার্ডের জান্নাত সড়কের ড্রেন ও আল আমিন সড়ক মাটি দ্বারা সংস্কার ও গণি মুন্সী সড়কের কালভার্ট ও শিক্ষা গ্রাম সড়কের শেষ অংশের মাটি দ্বারা সংস্কার এবং জলিল মাষ্টার সড়কের মাটি দ্বারা সাইড ইমপ্রুভড এর কাজটি দ্রুত বাস্তবায়ন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত-০১ ওয়ার্ড কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, ১নং ওয়ার্ডে হাজী সড়ক আরসিসি কাজ, জমিদার হাট মধ্য বাজারের গলি সড়ক সমূহ এবং কালু মাঝি সড়কের আরসিসি কাজ ও আবদুল মান্নান সড়কের মাটি দ্বারা ভরাট কাজ, ২নং ওয়ার্ডের খান বাড়ী সড়কের মাটি দ্বারা সংস্কার কাজ, ৩নং ওয়ার্ডে মোক্তার সড়কের আরসিসি কাজ দ্রুত বাস্তবায়নের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে ১,২,৩নং ওয়ার্ডে কাউন্সিলর একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন রাজস্ব খাত সৃষ্টিসহ বকেয়া রাজস্ব আদায় বৃদ্ধির জন্য গ্রাহক পর্যায়ে অবগত করতে হবে এবং খেলাপীদের তালিকা প্রস্তুত করে আগামী মাসিক সভায় উত্থাপন করার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন। |
| ০৩ | WLCC, STC, TLCC – কমিটির সিদ্ধান্ত সমূহ নিয়ে আলোচনাঃ | সহকারী প্রকৌশলী ও দায়িত্বপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামুরুল হাসান সভায় জানান যে, ওয়ার্ড সমন্বয় কমিটির কিছু কিছু সিদ্ধান্ত পৌর TLCC হয়ে মাসিক সভায় উত্থাপিত হয়েছে। উন্নয়ন মূল্যক আলোচনা, পরিষ্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন সম্পর্কে আলোচনা, আইন-শঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা, হাউজ কানেকশন সম্পর্কে আলোচনা, হাউজ হোল্ড টয়লেট নির্মাণ সম্পর্কে আলোচনা, বস্তি উন্নয়ন কার্যক্রম সম্পর্কে আলোচনা ও শারদীয় দুর্গা পূজা উৎসব সম্পর্কে আলোচনা এবং সে সব সিদ্ধান্ত উত্থাপিত হয়েছিলো তিনি বিষয়গুলো সম্পর্কে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় উক্ত বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | |
| | WLCC কমিটির সিদ্ধান্ত সমূহ নিয়ে আলোচনাঃ | ৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, WLCC ও TLCC – কমিটিতে উত্থাপিত বিষয় সমূহ ইতি মধ্যে পৌর পরিষদের মাসিক সভায় উত্থাপিত হয়েছে এবং অনেক বিষয়ে ইতি মধ্যে সমাধান হয়েছে। বাকি গুলোর বিষয়ে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, WLCC কমিটির সিদ্ধান্ত সমূহ মাসিক সভায় যথা সময়ে বাস্তবায়ন করা হলে পৌরসভার উন্নয়ন ও সেবা মূল্যক কাজ তরানিত্ব হবে। মানুষ ও উপকৃত হবে এবং পৌর নাগরিকগণ স্বাছন্দে সেবা গ্রহণ করতে পারবে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় গত পৌরসভার WLCC কমিটিতে উত্থাপিত বিষয় সমূহ যথাযথ ভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। |

| | | | |
|---|---|---|---|
| | STC-কমিটির সিদ্ধান্ত সমূহ নিয়ে আলোচনাঃ | পৌর নির্বাহী কর্মকর্তা জনাক মোঃ কামরুল হাসান সভায় জানান যে, গত ২৭/১০/২০২৩ইং তারিখের দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি, ০৬/১১/২০২৩ইং মাসের কর নিরুপন ও আদায় কমিটি, ০৫/১১/২০২৩ইং মাসের হিসাব ও নিরীক্ষা বিষয় স্থায়ী কমিটি, ০১/১১/২০২৩ ইং মাসের সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি এবং মহিলা ও শিক্ষা বিষয় স্থায়ী কমিটির বেশ কিছু সুপারিশমালা পেশ করা হয়েছে। তিনি বিষয়গুলো সম্পর্কে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় উক্ত বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর ও সভাপতি, দারিদ্র নিরুসন ও বস্তি উন্নয়ন কমিটি জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, রামগতি পৌরসভার আওতাধীন বিভিন্ন ওয়ার্ডে নিম্ন আয়ের পরিবার সংখ্যা ও ইতি পূর্বে বস্তিবাসীর তালিকা প্রস্তুত করা হয়েছে। সেই তালিকা অনুযায়ী অগ্রাধীকার ভিত্তিতে বাস্তবায়ন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৯নং ওয়ার্ড কাউন্সিলর ও হিসাব নিরীক্ষা কমিটির সভাপতি জনাব ফারুকুল ইসলাম বাবলু সভায় জানান যে, পৌরসভার সকল আদায় ও জমার হিসাব নিয়মিত যাচাই-বাছাই এবং স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিৎ করার Digital Software চালু করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন এবং উক্ত বিষয়ে স্থায়ী কমিটির সিদ্ধান্ত রয়েছে। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব তাপস চন্দ্র দাস সভায় জানান যে, পৌরসভার অর্গানোগ্রাম অনুযায়ী কর্মকর্তা কর্মচারীদের কর্ম বন্টন করে তা যথাযথ ভাবে দায়িত্ব পালন করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, পৌরসভার বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড ও বিভিন্ন দিবসে মহিলাদের অংশ গহণ নিশ্চিৎ করার লক্ষ্যে ও জন্ম-মৃত্যুর তথ্য সংগ্রহ ও সংক্ষণ করার জন্য মানুষকে উদ্বুদ্ধ করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে রামগতি পৌরসভায় স্থায়ী কমিটির সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। |
| | TLCC- কমিটির সিদ্ধান্ত সমূহ নিয়ে আলোচনাঃ | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, গত ১৭/১২/২০২৩ মাসের শহর সমন্বয় কমটির সভায় বাংলাদেশ সরকার ADB এবং AFD সহায়তায় বাস্তবায়নাধীন তৃতীয় নগর পরিচালন অবকাঠামো উন্নতি করণ সেক্টর প্রকল্পের Follow up প্রকল্প নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন কর্মসূচী IUGIP প্রকল্পে অন্তর্ভুক্ত পৌরসভা সমূহের সড়ক, ড্রেন, মার্কেট ও অবকাঠামো সমূহের Inventory প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ এবং প্রকল্পে অন্তুর্ভুক্ত পৌরসভাকে Disbursement Linked Indication (DLI) ভিত্তিক Urban Governance Improvement Action Plan (UGIAP) কার্যক্রম বাস্তবায়নে TLCC সভার সম্মতি ও আগ্রহের বিষয়টি মাসিক সভায় উত্থাপনের জন্য প্রেরণ করেছেন। এবং BMWSSP প্রকল্পের আওতায় Distribution Pipe Line, Howse Connection সম্পর্কে আলোচনা, LGCRRP প্রকল্পের কার্যক্রম নিয়ে আলোচনা হয়েছে। তিনি বিষয় গুলো নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় উক্ত বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও রামগতি পৌরসভার প্যানেল মেয়র-০১, জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, IUGIP এর প্রকল্পের প্রেরিত চাহিত তথ্য মোতাবেক পৌরসভার সকল উন্নয়ন মূল্যক কাজের Inventory প্রস্তুত করা হয়েছে। তিনি প্রস্তুতকৃত Inventory মোতাবেক প্রকল্প বাস্তবায়ন করা হলে পৌরসভার উন্নয়ন অগ্রগতিতে বিপ্লব ঘটবে। তিনি পৌরসভার PDP অনুযায়ী প্রকল্প বাস্তাবয়ন করার জন্য তার যে কোন ধরনের সম্মতি ও আগ্রহ রয়েছে মর্মে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে ১৭/১২/২০২৩ইং মাসের শহর সমন্বয় কমিটির উত্থাপিত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং IUGIP প্রকল্পে কাজ বাস্তবায়নে পৌর পরিষদের সম্মতি ও আগ্রহ রয়েছে মর্মে সর্বসম্মত সিদ্ধান্তটি প্রকল্প অফিসে প্রেরণেরে জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। |

| | | | |
|---|---|---|---|
| | | ৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, দীর্ঘদিনের চেষ্টা ও প্রচেষ্টার ফল IUGIP প্রকল্প। উক্ত প্রকল্পে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আমাদের চেষ্টার কোন ঘাটতি ছিলো না। অবশেষে প্রকল্পে অন্তর্ভুক্ত হওয়ার প্রায় ১বছর পর হলে ও বর্তমানে প্রকল্পের কাজের অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে। তিনি PDP অনুযায়ী প্রকল্পের কাজ সুষ্ঠ ভাবে বাস্তবায়নে যে কোন ধরনের সম্মতি ও আগ্রহ রয়েছে। তিনি এই বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সভাই একম পোষণ করেন।<br><br>মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, IUGIP-প্রকল্পের শর্তাবলী বাস্তবায়ন করা হলে, নাগরিক সচেতনতা এবং অংশগ্রহন, নগর পরিকল্পা, নারী এবং দরিদ্র জনগোষ্ঠীর সমতা এবং অন্তর্ভুক্তিকরণ, স্থানীয় সম্পদ আহরন বৃদ্ধি, আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা এবং দায়িত্বশীলতা, রক্ষণাবেক্ষন(O&M) এবং ব্যবস্থাপনা, Inventory-কৃত সকল সড়ক, মার্কেট, ড্রেন, কালভার্টসহ সকল ভৌত ও পূর্ত কাজের তালিকা অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করণ এবং প্রয়োজনীয় পরিসেবাগুলি স্বচ্ছতা ও জবাবদীহিতার আওতায় আনাহলে পৌরসভার সকল কার্যক্রম বাস্তবায়ন সম্ভব হবে এবং পৌরবাসী নাগরিক সুবিধা পাবে। তিনি উক্ত বিষয়ে তার সম্মতি ও আগ্রহের কথা সভাপতিকে অবহিত করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর ও প্যানেল মেয়র-০৩ জনাব আকলিমা বেগম সভায় জানান যে, পৌরসভার Distribution Pipe Line এর কাক চলমান রয়েছে। তিনি দ্রুত এর কাজ সম্পূন করে House Connection গ্রাহক নিবন্ধন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, Covid-19 রিকভারী প্রজেক্ট LGCCRP প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন কিচেন মার্কেট নির্মাণ কাজটি দ্রুত সম্পূন করার জন্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | |
| ০৪ | পরিষ্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম নিয়ে আলোচনাঃ | ১নং ওয়ার্ড কাউন্সিলর জনাব জয়নাল আবদিন সভায় জানান যে, ইতিমধ্যে পুরো এলাকায় ডেঙ্গু মশার প্রাদুর্ভাব বেড়ে গেছে। তিনি ডেঙ্গু মশার বিস্তার রোধকল্পে ১নং ওয়ার্ডের শিক্ষা প্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ স্থাপনা সমূহে মশক নিধন কার্য্যক্রম দ্রুত আরম্ভ এবং খরুল্লা খাল, জারিরদোনা খাল ও বাজার ড্রেন সমূহ দ্রুত পরিষ্কার করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত সবাই একমত পোষণ করেন।<br><br>৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব নিজাম উদ্দিন সভায় জানান যে, এবার সারাদেশের মতো ৩নং ওয়ার্ডে ও ডেঙ্গু মশার প্রকোপ অনেক বেশি এবং ইতিমধ্যে বেশ কয়েক জন ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে মৃত্যু সাথে পাঞ্জা লড়ছে। তাছাড়া শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির ও বসত বাড়ীর পাশের আঙ্গিনা ও চাদের উপর ফুলের টপে জমে থাকা পানি পরিষ্কার করা। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত সবাই একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-০১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, রামগতি পৌরসভার আওতাধীন সকল ওয়ার্ডের হাট বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি অফিস আদালত, মসজিদ, মন্দির ও বসত বাড়ীর পাশের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন করে মশার ঔষধ ছিটানো জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত সবাই একমত পোষণ করেন। | |

<table>
<tr>
<td>০৬</td>
<td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td>
<td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত নভেম্বর'২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০৫২০২৩-১১-</td><td>অক্টোবরইং মাসের মাষ্টাররোল ২০২৩, কর্মচারীদের বেতন বিল</td><td>৮৩০০.০০০,</td></tr>
<tr><td>০৭২০২৩-১১-</td><td>এপ্রিল মাসের মেয়র ও ২০২৩, কাউন্সিলরবৃন্দের সন্মানী ভাতা</td><td>১০০.০০০,৩৮,</td></tr>
<tr><td>০৭২০২৩-১১-</td><td>সহকারী প্রকৌশলীমাসের ২০২৩,সেপ্টেম্বর-বেতন ও ভাতাদি</td><td>৫২০০.০৮০,</td></tr>
<tr><td>০৭২০২৩-১১-</td><td>জানুয়ারিমাসের কর্মচারীদের বেতন ২০২৩, ও ভাতাদি</td><td>৬০০.৫১৫,৮২,</td></tr>
<tr><td>১২২০২৩-১১-</td><td>মারজান বেগম-নং ওয়ার্ডের বাসিন্দা৫-চিকিৎসার জন্য আর্থিক সাহায্য</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>১২২০২৩-১১-</td><td>বাইতুন নুর জামে মসজিদ-নং ওয়ার্ড৬-সংস্কারের জন্য অনুদান</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>১৪২০২৩-১১-</td><td>নম্ভেবরটি মিটারের বিদ্যুৎ ৭মাসের ২০২৩, বিল</td><td>১২০০.৬৯৬,</td></tr>
<tr><td>১৫২০২৩-১১-</td><td>ভান্ডারী হোটেল এন্ড রেষ্টুরেন্ট-মাসের আপ্যায়ণ বিল ২০২৩,অক্টোবর</td><td>২৮০০.৫৭৯,</td></tr>
<tr><td>১৫২০২৩-১১-</td><td>ধিরেন্দ্র ধূপী নং৩-ওয়ার্ডের বাসিন্দা-চিকিৎসার জন্য আর্থিক সাহায্য</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>১৫২০২৩-১১-</td><td>সহকারী প্রকৌশলীম শ্রান্তি বিনোদন ভাতা১-</td><td>২৮০০.১০০,</td></tr>
<tr><td>২৯২০২৩-১১-</td><td>নুর আলম-নং ওয়ার্ডের বাসিন্দা১-শিক্ষা অনুদান</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>২৯২০২৩-১১-</td><td>স্বাধীন চন্দ্র দাস-নং ওয়ার্ডের বাসিন্দা২-শিক্ষা অনুদান</td><td>৫.০০০,০০</td></tr>
</table>
</td>
<td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে নভেম্বর'২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৪৬৬ তারিখঃ ৩১/১২/২০২৩খ্রিঃ

<u>অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ</u>

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব..........................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব........................................................শাখা......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।